দৈনিক ইত্তেফাক

তারিখ ... 26 NOV 1998
পৃষ্ঠা ... কলাম ...

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কতটা উন্মুক্ত

যে কোন বয়সের মানুষ যে কোন সময় বাড়ীতে বসে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) শিক্ষার সুযোগ গ্রহণ করতে পারে। সারাদেশে ১২টি আঞ্চলিক কেন্দ্র এবং ৮০টি স্থানীয় কেন্দ্র বাউবি'র শিক্ষা মানুষের দোরগোড়ায় পৌঁছে দিয়েছে। দেশের প্রায় ৮০ ভাগ লোক গ্রামে বাস করে এবং অধিকাংশই দরিদ্র বলে বড় বড় শহরে এসে শিক্ষা গ্রহণ করতে পারে না। সব স্তরের মানুষ, গৃহবধূ, দাদা-নাতি, বৃদ্ধ-বৃদ্ধা, তরুণ-তরুণীসহ সবাই নিজের পেশার পাশাপাশি বাউবি'র বিভিন্ন প্রোগ্রামে ভর্তি হয়ে রেডিও, টেলিভিশন, ডাক, অডিও ক্যাসেট, বই ইত্যাদির মাধ্যমে খুব সহজে শিক্ষা গ্রহণ করতে পারে।

এখানে কৃষি শিক্ষা, ইংরেজী ও আরবী ভাষা শিক্ষা, নার্সিং শিক্ষা, ব্যবস্থাপনা, কৃষিপণ্য প্রক্রিয়াকরণ, হাঁস-মুরগি ও পশুপালন, মৎস্য চাষ, কম্পিউটার, বনায়ন, পরিবেশ, সেচ ব্যবস্থাপনা, ধর্ম ও নৈতিকতাসহ বিভিন্ন বিষয়ে শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। এছাড়াও মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের কোর্স ব্যতীত সার্টিফিকেট, ডিপ্লোমা, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের কোর্স চালু করা হয়েছে। বাউবি'র ১৯টি আনুষ্ঠানিক এবং ১৮টি অনানুষ্ঠানিক প্রোগ্রাম প্রচারের জন্য বাংলাদেশ টেলিভিশন ৪০ মিনিট দেয়। যা যথেষ্ট নয়। ভারত, পাকিস্তান, শ্রীলংকা, থাইল্যান্ড ও ফিলিপাইনে টেলিভিশনের মাধ্যমে ১০-১৭ ঘন্টা উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠান প্রচার করে। আমাদের দেশে অন্তত ৬-৭ ঘন্টা প্রয়োজন।

আমাদের দেশের প্রায় অর্ধেকই নারী এবং অধিকাংশই অশিক্ষিত বলে বাউবি'র প্রোগ্রাম তাদের জন্য খুব উপযোগী। বাউবি'র ৬টি স্কুলের অধীনে বর্তমানে ১৩টি প্রোগ্রাম কোর্স চালু রয়েছে। আরো ৬টি কোর্স চালু হবে। সবগুলো কোর্স চালু হলে বাউবি'র ছাত্র-ছাত্রী কয়েক লক্ষ হবে। ৬টি স্কুল নিম্নে উল্লেখ করা হলো ঃ

ওপেন স্কুল ঃ ওপেন স্কুলের অধীনে বর্তমানে ২টি কোর্স চালু আছে। এসএসসি কোর্সের প্রথম ব্যাচ এবার পাস করেছে। দুই বছরের এই কোর্সে ভর্তির ন্যূনতম যোগ্যতা অষ্টম শ্রেণী পাস। বছরের প্রথমদিকে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়। এই স্কুলের অধীনে ২ বছরের এইচএসসি কোর্স এ বছর চালু হয়েছে। ভর্তির যোগ্যতা এসএসসি বা সমমান। এই কোর্স দু'টি করার জন্য সারাদেশ থেকে ব্যাপক সাড়া পাওয়া গেছে।



স্কুল অব এডুকেশন ঃ বর্তমানে সিএড, বিএড ও এমএড এই ৩টি প্রোগ্রাম চালু আছে। সিএড প্রোগ্রামে ভর্তির যোগ্যতা শিক্ষক-শিক্ষিকাদের জন্য এসএসসি পাস। শিক্ষক ছাড়া মহিলা প্রার্থীদের জন্য দ্বিতীয় বিভাগে এসএসসি এবং পুরুষ প্রার্থীদের জন্য একটি দ্বিতীয় বিভাগসহ এইচএসসি পাস। এটি ৩ সেমিস্টার অর্থাৎ দেড় বছরের কোর্স। প্রতিবছর ভর্তির জন্য মে-জুন মাসে দরখাস্ত আহ্বান করা হয়। বিএড কোর্সে ভর্তির যোগ্যতা স্নাতক বা সমমানের-পরীক্ষায় পাস। এটি দু' বছরের কোর্স। প্রতিবছর মে-জুন মাসে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়। এমএড কোর্সের জন্য স্নাতকোত্তর বা সমানের পরীক্ষায় পাস প্রয়োজন।

স্কুল অব বিজনেস ঃ এই স্কুলে ৩টি কোর্স সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট, গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট ও এমবিএ চালু আছে। প্রথম কোর্সে ভর্তির জন্য যোগ্যতা লাগবে এসএসসি বা সমমান পরীক্ষায় পাস। এটি ৬ মাসের কোর্স। বছরে দু'বার ফেব্রুয়ারী ও আগস্ট মাসে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়। গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট প্রোগ্রামে ভর্তির জন্য ৯ পয়েন্টসহ ন্যূনতম স্নাতক বা সমমান পরীক্ষায় পাস হতে হবে। এর জন্যেও আগের মত বছরে দু'বার ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হয়। এমবিএ প্রোগ্রামে ১২ পয়েন্টসহ স্নাতকোত্তর পাস হতে হবে।

স্কুল অব এগ্রিকালচার ঃ বর্তমানে ব্যাচেলর অব এগ্রিকালচার এডুকেশন (বিএগএড) প্রোগ্রাম চালু আছে। এই প্রোগ্রামে ভর্তির যোগ্যতা ন্যূনতম এইচএসসি (বিজ্ঞান/কৃষি) অথবা তিন বছর মেয়াদী ডিপ্লোমা ইন এগ্রিকালার পাস। এটি ৩ বছরের কোর্স। বছরে দু'বার ডিসেম্বর ও জুন মাসে ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হয়। এ স্কুল থেকে এ বছরে দু'টি নতুন কোর্স সার্টিফিকেট ইন লাইভস্টক এ্যান্ড পোলট্রি ও সার্টিপিকেট ইন-পিসিকালচার এন্ড ফিশ প্রসেসিং চালু হবে। কোর্স দুটোর ভর্তির ন্যূনতম যোগ্যতা নির্ধারণ করা হয়েছে এসএসসি/সমমান (বিজ্ঞান/কৃষি) পাস। ৬ মাস মেয়াদী কোর্স দু'টির জন্য বছরে দু'বার জুন ও ডিসেম্বর মাসে ভর্তির জন্য বিজ্ঞপ্তি দেয়া হবে। এছাড়াও এই স্কুল থেকে এ বছরে ডিপ্লোমা ইন ইয়ুথ ডেভেলপমেন্ট নামে সম্পূর্ণ ব্যতিক্রমধর্মী কোর্স চালু হবে। ন্যূনতম যোগ্যতা স্নাতক পাস।

স্কুল অব সোস্যাল সায়েন্স হিউম্যানিটিজ এন্ড ল্যাংগুয়েজ ঃ এই স্কুলের অধীনে সার্টিফিকেট ইন ইংলিশ ল্যাংগুয়েজ প্রফিসেন্সি (সেলপ), সার্টিফিটিক ইন এরাবিক ল্যাংগুয়েজ প্রফিসেন্সি (ক্যালপ) এবং ব্যাচেলর ইন ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং (বেল্ট) প্রোগ্রাম চালু আছে। সেলপ ও ক্যালপ প্রোগ্রামে ভর্তির যোগ্যতা এসএসসি/সমমান পাস। দু'টি কোর্সই ছয় মাসের। বছরে দু'বার জুন ও ডিসেম্বরে ভর্তির বিজ্ঞপ্তি হয়। বেল্ট প্রোগ্রামে ভর্তির ন্যূনতম যোগ্যতা স্নাতক বা সমমান পাস। এটি দু'বছরের কোর্স। বছরে একবার মে-জুন মাসে ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হয়। এ স্কুল থেকে এ বছরেই আরো দুটো নতুন কোর্স ব্যাচেলর অব আর্টস (বিএ) এবং ডিপ্লোমা ইন ওমেন স্টাডিজ চালু হবে।

স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি ঃ এই স্কুলের অধীনে ডিপ্লোমা ইন কম্পিউটার এপ্লিকেশন নামক একটি কোর্স চালু আছে। ভর্তির ন্যূনতম যোগ্যতা এইচএসসি/এ লেবেল/সমান। দেড় বছরের কোর্স। বছরে একবার ডিসেম্বর মাসে ভর্তির জন্য বিজ্ঞপ্তি দেয়া হয়। এ বছর বিএসসি ইন নার্সিং প্রোগ্রাম চালু হচ্ছে। এই কোর্সে ভর্তির ন্যূনতম যোগ্যতা ডিপ্লোমা ইন নার্সিংসহ তিন বছরের বাস্তব অভিজ্ঞতা। এটি ৩-৫ বছরের কোর্স।

বাউবি'র ব্যাপকতা ক্রমেই বাড়ছে এবং জনপ্রিয়তা অর্জন করছে। আগামী দু'হাজার সালের মধ্যে সবার জন্যে শিক্ষা প্রোগ্রাম বাস্তবায়নে বাউবি ভূমিকা রাখছে।

❑ ফরহাদ আহাম্মেদ, কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা